গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন

এবং

সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৬ - জুন ৩০, ২০১৭

## সূচিপত্র


বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি)-এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র........ ৩

উপক্রমণিকা........ ৪

সেকশন ১: বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন-এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি....... ৫

সেকশন ২: বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন-এর বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ........ ৭-৯

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)........ ১০

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি........ ১১

## বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন-এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## (Overview of the Performance of Bangladesh Road Transport Corporation)

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

- **সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

  দেশে একটি সুষ্ঠু পরিবহন ব্যবস্থা প্রতিষ্ঠাকল্পে ১৯৬১ সালে এক অধ্যাদেশ বলে বিআরটিসি প্রতিষ্ঠিত হয়। পরিবহনের ক্ষেত্রে মান ও ভাড়া নিয়ন্ত্রন এবং তুলনামূলকভাবে উন্নত ও মানসম্মত পরিবহন সেবা প্রদানের লক্ষ্যে দেশে সাশ্রীয় মূল্যে দ্রুত, দক্ষ, আরামপ্রদ, আধুনিক ও নিরাপদ সড়ক পরিবহন ব্যবস্থা নিশ্চিতকরনে এ সংস্থা গুরুত্বপূর্ন ভুমিকা পালন করে থাকে। ২০১৪-২০১৫ অর্থবছরে ০১টি প্রকল্প সফলভাবে সমাপ্ত হয়েছে। বিআরটিসি'র গাড়ী বহরে বিভিন্ন ধরনের সর্বমোট ১৫৩৮টি বাস এবং ১৩৮টি ট্রাক আছে। তন্মধ্যে প্রায় ১০৪৫টি বাস (দীর্ঘমেয়াদি ইজারাসহ নিজস্ব পরিচালনায়) ও ১০৮টি ট্রাক চলমান আছে। বাস ও ট্রাক পরিচালনার মাধ্যমে কর্পোরেশন ২০১৩-১৪ অর্থবছরে ৯৫৮.০৫ লক্ষ টাকা, ২০১৪-১৫ অর্থবছরে ৩৫৫.৭৬ লক্ষ টাকা ও ২০১৫-১৬ অর্থবছরে ১৬৯৯.১৪ লক্ষ টাকা অপারেটিং মুনাফা অর্জন করেছে। বিআরটিসি বিভিন্ন আন্তঃজেলা রুটে ৪৭০টি বাস পরিচালনা করছে এবং মহিলাদের জন্য ১৭টি মহিলা বাস ঢাকা শহরের বিভিন্ন রুটে চলাচল করছে। সাম্প্রতিককালে কলকাতা-ঢাকা-আগরতলা এবং ঢাকা-শিলং-গৌহাটী আন্তর্জাতিক রুটে বাস সার্ভিস চালু করা হয়েছে। বিআরটিসি'র ০৩টি ট্রেনিং ইনস্টিটিউট ও ১৪টি প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে বিগত ০৩ বছরে (১৪৯২ জন মহিলাসহ) ২১৩০৮ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

- **সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

  (ক) বিআরটিসি বাসসমুহ নিয়মিত পরিস্কার-পরিচ্ছন্ন ও ধোয়া-মোছার জন্য আধুনিক ওয়াশিং প্ল্যান্ট নেই।

  (খ) পরিবহণ মালিক সমিতির অনাকাঙ্খিত বাধার কারণে বাংলাদেশের সকল জেলায় সকল রুটে জনগনের ব্যাপক চাহিদা থাকা স্বত্বেও বিআরটিসি'র গাড়ী পরিচালনা করা সম্ভব হচ্ছে না। বিআরটিসি বাস পরিচালনার ক্ষেত্রে নির্ধারিত রুট না থাকায় ঢাকা শহরে যানজট নিরসনে দ্বিতল ও আর্টিকুলেটেড বাস আশানুরূপ ভূমিকা রাখতে পারছে না।

  (গ) গাড়ির সংখ্যানুপাতে চালক ও কন্ডাক্টর এবং কারিগরের সংখ্যা কম হওয়ায় গাড়ি পরিচালনা এবং মেরামত কাজ বিঘ্নিত হচ্ছে।

  (ঘ) ভবিষ্যতে ৫০০টি ট্রাক ও ৬০০টি বাস মোট ১১০০ গাড়ি পরিচালনার জন্য সরকারি নির্ধারিত হারে চালক, কন্ডাক্টর ও কারিগর নিয়োগ করতে হবে। উপরন্তু, উক্ত গাড়িগুলো পার্কিং ও সংরক্ষনের জন্য পর্যাপ্ত স্থান সংকুলানের প্রয়োজন হবে।

- **ভবিষ্যৎ পরিকল্পনা:**

  (ক) বিআরটিসির বাস বহরের জন্য ৩০০টি দ্বিতল, ২০০টি একতলা এসি ও ১০০টি একতলা নন-এসি বাস এবং ৫০০টি ট্রাক সংগ্রহের পরিকল্পনা আছে।

  (খ) গাড়ি পরিস্কার-পরিচ্ছন্ন ও ধোয়া-মোছার জন্য প্রতিটি ডিপোত আধুনিক ওয়াশিং প্ল্যান্ট স্থাপন করার পরিকল্পনা আছে।

  (গ) ঢাকাস্থ ডিপোগুলোতে বহুতল বিশিষ্ট পার্কিং ব্যবস্থার জন্য বহুতল ভবন নির্মাণের পরিকল্পনা রয়েছে।

- **২০১৬-১৭ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

  (ক) ৩৭০ লক্ষ (তিন কোটি সত্তর লক্ষ) যাত্রী পরিবহন;
  (খ) ১৩০ হাজার (এক লক্ষ ত্রিশ হাজার) টন পণ্য পরিবহন;
  (গ) ২৯০০ (দুই হাজার নয়শত) অবানিজ্যক গাড়ি মেরামত;
  (ঘ) ১০৩৫০ (দশ হাজার তিনশত পঁঞ্চাশ) বানিজ্যক গাড়ি (বাস) মেরামত;
  (ঙ) ১৩৯০ (এক হাজার তিনশত নব্বই) বানিজ্যক গাড়ি (ট্রাক) মেরামত;
  (চ) ৭০০০ (সাত হাজার) অপেশাদার চালকদের প্রশিক্ষণ।

## উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন-এর পক্ষে চেয়ারমান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসেবে সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এর মধ্যে ২০১৬ সালের জুন মাসের ২৯ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১:

### বাংলাদেশ সড়ক পরিবহন করপোরেশন-এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

#### ১.১ রূপকল্প (Vision):

নিরাপদ ও আধুনিক রাষ্ট্রীয় সড়ক পরিবহন ব্যবস্থা।

#### ১.২ অভিলক্ষ্য (Mission):

বিআরটিসি'র বহরে আধুনিক যানবাহন সংযোজন করে পরিবহন সুবিধা বৃদ্ধি, পরিবহন খাতে দক্ষ জনবল সৃষ্টি এবং যাত্রী ও পরিবহন সেবার মান উন্নয়নের মাধ্যমে একটি নিরাপদ ও আধুনিক গণপরিবহন ব্যবস্থা গড়ে তোলা।

#### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

১. নিরাপদ ও নির্ভরযোগ্যতার সাথে যাত্রী ও মালামাল পরিবহন;

২. যানবাহন মেরামত ও রক্ষণাবেক্ষন;

৩. সড়ক নিরাপত্তা জোরদারকরন।

#### ১.৪ কার্যাবলি (Functions):

১. অভ্যন্তরীন ও আন্তর্জাতিক রুটে যাত্রী ও পণ্য পরিবহন সেবা প্রদান;

২. বিআরটিসি বহরে পরিবেশ দূষনমুক্ত গাড়ী সংযোজন;

৩. বিআরটিসি ট্রেনিং ইনস্টিটিউটের মাধ্যমে বেকার যুবশক্তিকে প্রশিক্ষণ প্রদান;

৪. নিজস্ব মেরামত কারখানার মাধ্যমে বহরের যানবাহন মেরামত ও সচল রাখা;

৫. দেশের জরুরী অবস্থায় পরিবহণ ক্ষেত্রে কৌশলগত ভূমিকা পালন।

## সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicator) | একক (Unit) | ভিত্তিবছর ২০১৪-১৫ | প্রকৃত* ২০১৫-১৬ | লক্ষ্যমাত্রা ২০১৬-১৭ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| যাত্রী পরিবহনের প্রবৃদ্ধি | যাত্রী পরিবহন প্রবৃদ্ধির হার | % | ০.৫৬% | ০.৮৪% | ২.৭৮% | ২.৭০% | ২.৬৩% | বিআরটিসি | বিআরটিসি |
| পণ্য পরিবহনের প্রবৃদ্ধি | পণ্য পরিবহন প্রবৃদ্ধির হার | % | ৪.৩৫% | ৪.১৭% | ৪.০% | ৩.৮৫% | ৩.৭০% | | |

*সাময়িক

# সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য **(Strategic Objectives)** | কৌশলগত উদ্দেশ্যের মান **(Weight of Strategic Objective)** | কার্যক্রম **(Activities)** | কর্মসম্পাদন সূচক **(Performance Indicators) (PI)** | একক **(Unit)** | কর্মসম্পাদন সূচকের মান **(Weight of Performance Indicators)** | ভিত্তিবছর (Base Year) ২০১৪-১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-১৭ **(Target/Criteria Value for FY 2016-17)** | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৭-১৮ | প্রক্ষেপণ (Projection) ২০১৮-১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| বাংলাদেশ সড়ক পরিবহন করপোরেশন-এর কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| ১. নিরাপদ ও নির্ভরযোগ্যতার সাথে যাত্রী ও মালামাল পরিবহন | ৪০ | ১.১ যাত্রী সেবা | ১.১.১ পরিবহনকৃত যাত্রী | সংখ্যা (লক্ষ) | ৩০ | ৩৫৭.০০ | ৩৬০.০০ | ৩৭০.০০ | ৩৬৫.০০ | ৩৬০.০০ | ৩৫৫.০০ | ৩৫০.০০ | ৩৮০.০০ | ৩৯০.০০ |
| | | ১.২ পণ্য পরিবহন সেবা | ১.২.১ পরিবহনকৃত পণ্য | পরিমান (হাজার টন) | ১০ | ১২০.০০ | ১২৫.০০ | ১৩০.০০ | ১২৯.০০ | ১২৭.৫০ | ১২৬.৫০ | ১২৫.০০ | ১৩৫.০০ | ১৪০.০০ |
| ২. গাড়ী মেরামত ও রক্ষণাবেক্ষন | ২৫ | ২.১ গাড়ী মেরামত ও রক্ষণাবেক্ষন | ২.১.১ মেরাতমকৃত অবানিজ্যিক গাড়ী | সংখ্যা | ১৭ | ২৭৯৫ | ২৮৭০ | ২৯০০ | ২৮৯০ | ২৮৮০ | ২৮৭৫ | ২৮৭০ | ২৯৫০ | ৩০০০ |
| | | ২.২ বিআরটিসি'র বিভিন্ন ডিপোর বাস/ট্রাক মেরামত ও রক্ষণাবেক্ষন | ২.২.১ মেরামতকৃত বাস | সংখ্যা | ৫ | ১০২০০ | ১০৩০০ | ১০৩৫০ | ১০৩৪০ | ১০৩৩০ | ১০৩২০ | ১০৩০০ | ১০৪০০ | ১০৫০০ |
| | | | ২.২.২ মেরামতকৃত ট্রাক | সংখ্যা | ৩ | ১৩৪৫ | ১৩৮০ | ১৩৯০ | ১৩৮৮ | ১৩৮৬ | ১৩৮৩ | ১৩৮০ | ১৪৫০ | ১৫০০ |
| ৩. সড়ক নিরাপত্তা জোরদারকরন | ১৫ | ৩.১ প্রশিক্ষণের মাধ্যমে অপেশাদার চালক তৈরি | ৩.১.১ সৃষ্ট অপেশাদার চালক | সংখ্যা (হাজার) | ১৫ | ৬.৫০ | ৬.৬০ | ৭.০০ | ৬.৮০ | ৬.৬০ | ৬.৪০ | ৬.২০ | ৭.৫০ | ৮.০০ |

## বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন-এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান -২০১৬-১৭ (Target Value -2015-16) | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৬ | ২০১৬-১৭ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি মন্ত্রণালয়/বিভাগে দাখিলকৃত | তারিখ | ১ | ১৯ মে | ২২ মে | ২৪ মে | ২৫ মে | ২৬ মে |
| | | মাঠপর্যায়ের কার্যালয়সমূহের সঙ্গে ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | নির্ধারিত সময়সীমার মধ্যে চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১ | ২৬-৩০ জুন | - | - | - | - |
| | | ২০১৫-২০১৬ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত সময়সীমার মধ্যে মূল্যায়ন প্রতিবেদনে দাখিলকৃত | সংখ্যা | ১ | ১৪ জুলাই | ১৭ জুলাই | ১৮ জুলাই | ১৯ জুলাই | ২০ জুলাই |
| | | ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন ও পরিবীক্ষণ | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | ২ | - | - |
| | | ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ২২ জানুয়ারি | ২৩ জানুয়ারি | ২৪ জানুয়ারি | ২৫ জানুয়ারি | ২৬ জানুয়ারি |
| | | বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান | বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা | সংখ্যা | ১ | ৩ | ২ | ১ | - | - |
| দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | সরকারী কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণের সময়* | জনঘণ্টা | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | ২০১৬-১৭ অর্থবছরে শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রনীত ও দাখিলকৃত | তারিখ | ১ | ১৫ জুলাই | ৩১ জুলাই | - | - | - |
| | | | নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | ২ | - | - |
| তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ২ | তথ্য বাতায়ন হালনাগাদকরন | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ১ | প্রতি মাসের ১ম সপ্তাহ | প্রতি মাসের ২য় সপ্তাহ | প্রতি মাসের ৩য় সপ্তাহ | - | - |
| | | বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ১৫ অক্টোবর | ২৯ অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০ নভেম্বর | ১৫ ডিসেম্বর |
| কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন | ৫ | ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তন | দপ্তর/সংস্থার ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তিত | তারিখ | ১ | ২৮ ফেব্রুয়ারি | ৩০ মার্চ | ৩০ এপ্রিল | ৩১ মে | ২৯ জুন |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণ | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | দপ্তর/সংস্থার কমপক্ষে একটি অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | - | - |
| | | | দপ্তর/সংস্থার কমপক্ষে ৩টি সেবাপ্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | - | - |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নিস্পত্তিকৃত অভিযোগ | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |
| কর্ম পরিবেশ উন্নয়ন | ৩ | অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন রাখা | নির্ধারিত সময়সীমার মধ্যে অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন | তারিখ | ১ | ৩০ নভেম্বর | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | - | - |
| | | সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার (waiting room) এর ব্যবস্থা করা | নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত | তারিখ | ১ | ৩০ নভেম্বর | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | - | - |
| | | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | ৩০ নভেম্বর | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | - | - |
| আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ১ | অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন | বছরে অডিট আপত্তি নিস্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |

*৬০ ঘন্টা প্রশিক্ষণের মধ্যে অন্যূন ২০ ঘন্টা সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ অর্ন্তভূক্ত থাকবে।

আমি, চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন-এর পক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের মাননীয় সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

----------------------------------- ----------------------------

চেয়ারম্যান তারিখ

বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন

----------------------------------- ----------------------------

সচিব তারিখ

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

**সংযোজনী-১**

## শব্দসংক্ষেপ (Acronyms)

| | | |
|---|---|---|
| বিআরটিসি | : | বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট কর্পোরেশন |
| পিআরএল | : | পোস্ট রিটায়ারমেন্ট লিভ |

## **সংযোজনী- ২:** কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | ১.১ যাত্রী সেবা | ১.১.১ পরিবহনকৃত যাত্রী | বিআরটিসি'র বাসে নিরাপদ, আরামদায়ক ও নির্ভরযোগ্যতার সাথে যাত্রী পরিবহন করা হয়। বিআরটিসি'র এক অর্থবছরের পরিবহনকৃত যাত্রী সংখ্যা দেখানো হয়েছে | বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি) | রাজস্ব আদায় ও ভাড়ার হার অনুযায়ী | |
| ২. | ১.২ পণ্য পরিবহন সেবা | ১.২.১ পরিবহনকৃত পণ্য | বিআরটিসি'র ট্রাকে নিরাপদ ও নির্ভরযোগ্যতার সাথে সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের মালামাল পরিবহন করা হয়। বিআরটিসি'র এক অর্থবছরের পরিবহনকৃত পণ্যের পরিমান দেখানো হয়েছে | | মোট পরিবহনকৃত পণ্যের চালানের হিসাব অনুযায়ী | |
| ৩. | ২.১ গাড়ী মেরামত ও রক্ষণাবেক্ষন | ২.১.১ মেরামতকৃত অবানিজ্যিক গাড়ী | বিআরটিসি'র কেন্দ্রিয় মেরামত কারখানা, তেজগাঁও-এর মাধ্যমে বিভিন্ন মন্ত্রণালয়ের অবানিজ্যিক গাড়ী মেরামত করা হয়। বিআরটিসি'র এক অর্থবছরের মেরামতকৃত অবানিজ্যিক গাড়ী সংখ্যা দেখানো হয়েছে | | বিভিন্ন প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত মেরামত কার্যাদেশের হিসাব অনুযায়ী | |
| ৪. | ২.২ বিআরটিসি'র বিভিন্ন ডিপোর বাস/ট্রাক মেরামত ও রক্ষণাবেক্ষন | ২.২.১ মেরামতকৃত বাস | বিআরটিসি'র বিভিন্ন বাস ডিপোতে দক্ষ কারিগর দিয়ে বাসগুলো মেরামত করা হয় হয়। বিআরটিসি'র এক অর্থবছরের মেরামতকৃত বাস সংখ্যা দেখানো হয়েছে | | বাস ডিপোর কারিগরি জব রেজিস্টারের হিসাব অনুযায়ী | |
| | | ২.২.২ মেরামতকৃত ট্রাক | বিআরটিসি'র ট্রাক সংশ্লিষ্ট ট্রাক ডিপোতে দক্ষ কারিগর দিয়ে মেরামত করা হয়। বিআরটিসি'র এক অর্থবছরের মেরামতকৃত ট্রাক সংখ্যা দেখানো হয়েছে | | ট্রাক ডিপোর কারিগরি জব রেজিস্টারের হিসাব অনুযায়ী | |
| ৫. | ৩.১ প্রশিক্ষণের মাধ্যমে অপেশাদার চালক তৈরি | ৩.১.১ সৃষ্ট অপেশাদার চালক | অপেশাদার চালকদের দক্ষতা বৃদ্ধির জন্য কারিগরি প্রশিক্ষণ প্রদান করা হয়। বিআরটিসি'র এক অর্থবছরের সৃষ্ট অপেশাদার চালক সংখ্যা দেখানো হয়েছে | | প্রশিক্ষণে অংশগ্রহনকারীদের সংখ্যার হিসাব অনুযায়ী | |